

প্রাথমিক শিক্ষকদের শাটডাউন স্থগিত, রবিবার থেকে পরীক্ষা

অনলাইন ডেক্স



সংগৃহীত ছবি

দেশব্যাপী চলা 'কমপ্লিট শাটডাউন' কর্মসূচি

স্থগিত করেছেন প্রাথমিক শিক্ষকরা।

আগামীকাল রবিবার (৭ ডিসেম্বর) থেকে সব

শ্রেণির বার্ষিক পরীক্ষা নেবেন বলেও জানান

তারা। শনিবার (৬ ডিসেম্বর) শিক্ষক দাবি

বাস্তবায়ন পরিষদ ও বাংলাদেশ প্রাথমিক

সহকারী শিক্ষক সংগঠন এক্য পরিষদ

বিজ্ঞপ্তিতে এই তথ্য জানায়।

যা পড়ুন



পে স্কেল নিয়ে নতুন ঘোষণা সরকারি কর্মচারীদের

এতে বলা হয়েছে, প্রাথমিক সহকারী শিক্ষকদের
ন্যায্য তিন দফা দাবি বাস্তবায়ন পরিষদ এবং
সংগঠন এক্য পরিষদের চলমান কর্মসূচি
পালিত হয়।

আমাদের নেতৃত্বতা, মানবিকতা এবং
সন্তানতুল্য কোমলমতি শিক্ষার্থীদের কথা
বিবেচনা করে আগামী রোববার থেকে পরীক্ষা
সম্পন্ন হওয়া পর্যন্ত ‘কমপ্লিট শাটডাউন’
কর্মসূচি স্থগিত করা হলো।

রবিবার থেকে সব শ্রেণির তৃতীয় প্রান্তিক
মূল্যায়ন (বার্ষিক পরীক্ষা) চলবে। উভয়
পরিষদের আলোচনার ভিত্তিতে পরবর্তী কর্মসূচি
দেওয়া হবে বলেও বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়।

গত ৩ ডিসেম্বর থেকে সারা দেশের সব সরকারি
প্রাথমিক বিদ্যালয়ে ‘কমপ্লিট শাটডাউন’ বা
সর্বাত্মক কর্মবিরতি কর্মসূচি পালন করেন
সহকারী শিক্ষকরা।



সারজিস আলমকে রাজশাহীতে 'অবাঞ্ছিত' ঘোষণা

সেদিন তাদের পক্ষ থেকে জানানো হয়, অর্থ
মন্ত্রণালয়ের ১০ নভেম্বরের প্রেস বিজ্ঞপ্তিতে
সহকারী শিক্ষকদের বেতন স্কেল-সংক্রান্ত
প্রতিশ্রুতি দেওয়া হলেও ২২ দিন অতিবাহিত
হওয়ার পরও তিন দফা দাবির বাস্তবায়নে
কোনো দৃশ্যমান অগ্রগতি নেই।

শিক্ষকদের তিন দাবির মধ্যে রয়েছে—

সহকারী শিক্ষকদের বেতন স্কেল ১০ম গ্রেডের
দাবির পরিপ্রেক্ষিতে অর্থ মন্ত্রণালয়ের ১০
নভেম্বরের প্রেস বিজ্ঞপ্তি অনুযায়ী আপাতত
১১তম গ্রেডের প্রজ্ঞাপন জারি।
১০ বছর ও ১৬ বছর পূর্�্বিতে উচ্চতর গ্রেড
পাওয়ার ক্ষেত্রে বিদ্যমান জটিলতার অবসান।

সহকারী শিক্ষক থেকে প্রধান শিক্ষক পদে
শতভাগ বিভাগীয় পদোন্নতি নিশ্চিত করা।

